

💵 বিদ'আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ যার বিদ'আত কুফরির পর্যায়ে, তার জানাযা না পড়া রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: আলেমগণ যদি বিদ'আতীদের জানাযা পড়া ছেড়ে দেন তাহলে তাদের উপর সাধারণ লোকের জানাযা ত্যাগ করা কি আলেমগণের আদর্শ অনুসরণ করা হবে না?

উত্তর: মুসলিম মৃত ব্যক্তির উপর জানাযা পড়া ওয়াজিব; যদিও সে বিদ'আতী হয়, তাদের বিদ'আত যদি তাদেরকে ইসলাম থেকে বের করে না দেয় তাহলে সাধারণ লোক তাদের জানাযা পড়ে দিবে। কিন্তু তাদের বিদ'আত যদি কুফরির পর্যায়ে হয় তাহলে তাদের জানাযা পড়া যাবে না এবং তাদের জন্য ক্ষমাও চাওয়া যাবে না যেমন জাহমিয়া, মু'তাযিলা এবং রাফেযী (যারা আলী রাদিয়াল্লাহু 'আনহু এবং আহলে বাইতের নিকট দো'আ ও সাহায্য চাইতো)। কারণ আল্লাহ তা'আলা মুনাফেক ও এ রকম লোকদের সম্পর্কে বলেন:

﴿ وَلَا تُصلِّ عَلَىٰٓ أَحَد مِّنآهُم مَّاتَ أَبَدًا وَلَا تَقُمآ عَلَىٰ قَباۤ رِهِآ ۚ إِنَّهُماۤ كَفَرُواْ بِٱللَّهِ وَرَسُولِهِ ۚ وَمَاتُواْ وَهُمآ ۖ فُسِقُونَ ٨٤ ﴾ [التوبة: ٨٤]

"আর তাদের কেউ মৃত্যুবরণ করলে তার উপর সালাত পড়বেন না এবং তার কবরে দাঁড়াবেন না। তারাতো আল্লাহ এবং তার রাসূলের প্রতি অস্বীকৃতি জ্ঞাপন করেছে, বস্তুত তারা ফাসেক অবস্থায় মৃত্যুবরণ করেছে।: [সূরা তাওবা/৮৪]

Source — https://www.hadithbd.com/books/link/?id=11042

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন